

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০০৩.২০২২ - ৮০৪

তারিখ: ০৫/০৭/২০২২ খ্রি.

বিষয়: সদ্য সরকারিকৃত সরকারি মতিলাল কলেজ, দৌলতপুর, মানিকগঞ্জ-এর জরাজীর্ণ একটি সেমিপাকা টিনসেড ভবন নিলাম বিক্রিতে সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদানের কনডেমনেশন কমিটির সুপারিশ অনুমোদন।

সূত্র: কলেজ স্মারক নং ৫০৫, তারিখ: ২০.০৬.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সদ্য সরকারিকৃত সরকারি মতিলাল কলেজ, দৌলতপুর, মানিকগঞ্জ-এর জরাজীর্ণ সেমিপাকা টিনসেড ভবনটির সর্বোচ্চ নিলাম মূল্য ২,৩০,০০০/- (দুই লক্ষ ত্রিশ হাজার) টাকা নির্বাচনপূর্বক অনুমোদনের লক্ষ্যে অত্র অধিদপ্তরে আনুষঙ্গিক কাগজপত্রসহ আবেদন দাখিল করা হয়। জেলা কনডেমনেশন কমিটি কর্তৃক অকেজো ঘোষিত সেমিপাকা টিনসেড ভবনটি নিলামে বিক্রির জন্য জনাব মো: ছাইনুদ্দিন, চকমিরপুর, দৌলতপুর, মানিকগঞ্জ-কে সর্বোচ্চ দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান হিসেবে নির্বাচন করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের ০৮/১২/২০১৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০২.০৭-১০১২ সংখ্যক পরিপত্রের অনুচ্ছেদ-৭(খ) মোতাবেক বর্ণিত সর্বোচ্চ নিলাম মূল্য জেলা কনডেমনেশন কমিটির সুপারিশের প্রেক্ষিতে এতদ্বারা অনুমোদন করা হলো।

নিলাম সংক্রান্ত কার্যক্রম প্রচলিত বিধি মোতাবেক সম্পন্ন করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(লোকমান হোসেন-১৭৩৯৪)
সহকারী পরিচালক (কলেজ-১)
ফোন: ৪১০৫০১১৭

অধ্যক্ষ

সরকারি মতিলাল কলেজ
দৌলতপুর, মানিকগঞ্জ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ;
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, মানিকগঞ্জ;
- ০৪। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ;
- ০৫। জনাব মো: ছাইনুদ্দিন, চকমিরপুর, দৌলতপুর, মানিকগঞ্জ;
- ০৬। জনাব -----
- ০৭। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৮। সংরক্ষণ নথি।